রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৯, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ই বৈশাখ ১৪১০/২৮শে এপ্রিল ২০০৩

এস, আর, ও নং ১১২-আইন/২০০৩—অর্থ ঋণ আদালত আইন, ২০০৩(২০০৩ সনের ৮নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৪ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নের টেবিলের (২) নং কলামে উল্লিখিত জেলার বিপরীতে (৩) নং কলামে উল্লিখিত বিদ্যমান যুগ্ম-জেলা জজ আদালতসমূহকে (অর্থ ঋণ আদালত) উহাদের বিপরীতে (৪) নং কলামে প্রদর্শিত মতে অর্থ ঋণ আদালত হিসাবে এতদ্দ্বারা ঘোষণা করিল, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | জেলার নাম | আদালতের নাম | নবঘোষিত আদালত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | ঢাকা | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)-১। | অর্থ ঋণ আদালত-১ |
| | | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)-২। | অর্থ ঋণ আদালত-২ |
| | | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)-৩। | অর্থ ঋণ আদালত-৩ |
| | | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)-৪। | অর্থ ঋণ আদালত-৪ |
| (২) | চট্টগ্রাম | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)-১। | অর্থ ঋণ আদালত-১ |
| | | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)-২। | অর্থ ঋণ আদালত-২ |



মূল্য ঃ টাকা ১.০০

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| (৩) | নারায়ণগঞ্জ | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (৪) | খুলনা | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (৫) | রাজশাহী | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (৬) | ময়মনসিংহ | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (৭) | ফরিদপুর | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (৮) | টাংগাইল | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (৯) | জামালপুর | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (১০) | নোয়াখালী | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (১১) | কুমিল্লা | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (১২) | সিলেট | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (১৩) | পাবনা | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (১৪) | রংপুর | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (১৫) | দিনাজপুর | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (১৬) | বগুড়া | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (১৭) | যশোহর | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (১৮) | কুষ্টিয়া | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (১৯) | বরিশাল | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |
| (২০) | পটুয়াখালী | যুগ্ম-জেলা জজ আদালত (অর্থ ঋণ আদালত)। | অর্থ ঋণ আদালত |

২। এই প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত অর্থ ঋণ আদালতসমূহে নিয়োগপ্রাপ্ত বিচারক "জজ, অর্থ ঋণ আদালত," হিসাবে সম্বোধিত হইবেন এবং তিনি অর্থ ঋণ সংক্রান্ত মামলা ব্যতিরেকে অন্য কোন মামলার বিচার কার্য করিতে পারিবেন না এবং উক্ত অর্থ ঋণ আদালতে অর্থ ঋণ সংক্রান্ত মামলা ব্যতীত বিচারাধীন অন্য সকল মামলা, যদি থাকে, সংশ্লিষ্ট জেলা জজ তাঁহার স্থানীয় অধিক্ষেত্র ও প্রশাসনিক নিয়ন্ত্রণে অবস্থিত অন্য কোন যুগ্ম-জেলা জজ আদালতে বদলীর নির্দেশ দান করিবেন।

৩। উক্ত টেবিলের ক্রমিক নং ১ ও ২ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত ঢাকা ও চট্টগ্রাম জেলার জন্য ঘোষিত একাধিক অর্থ ঋণ আদালতের ক্ষেত্রে আইনের ধারা ৫(৯) এর বিধান অনুসারে জেলা জজ উহাদের স্থানীয় অধিক্ষেত্র নির্ধারণ করিবেন।

৪। অত্র প্রজ্ঞাপন ১লা মে, ২০০৩ইং তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আসাদুজ্জামান
ভারপ্রাপ্ত সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।